

চলতি ২০২০-২১ অর্থবছরে “জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ” এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারীগণের সাক্ষাৎকার সম্পর্কিত নির্দেশনা:-

(১) ভৌতবিজ্ঞান ও নবায়ন গ্রুপের সাক্ষাৎকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিকটস্থ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে, খাদ্য ও কৃষি বিজ্ঞান গ্রুপের সাক্ষাৎকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় সরণি ঢাকায় এবং জীববিজ্ঞান ও চিকিৎসা বিজ্ঞান গ্রুপের সাক্ষাৎকার DRICM ভবন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR), ড. কুদরাত-এ-খুদা রোড, ধানমন্ডি, ঢাকায় গ্রুপের রেজিস্ট্রেশন নম্বর অনুযায়ী ধারাবাহিকভাবে অনুষ্ঠিত হবে। আবেদনকারীর মোবাইল নম্বরে সাক্ষাৎকারের তারিখ ও সময় যথাসময়ে SMS এর মাধ্যমে জানানো হবে।

(২) নিম্নোক্ত কাগজপত্রের একসেট সাক্ষাৎকার বোর্ডে দেখাতে হবে:

(ক) এমএস/এমএসসি পর্যায়ে আবেদনকারীগণের এসএসসি, এইচএসসি ও স্নাতক পাশের মূল সার্টিফিকেট।

(খ) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারীগণের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পাশের মূল সার্টিফিকেট।

(৩) নিম্নোক্ত কাগজপত্রের একসেট সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে:

(ক) এমএস/এমএসসি পর্যায়ে আবেদনকারীগণ সাদা কাগজে বিভাগীয় প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত নির্ধারিত বাক্যসম্বলিত হলফনামা জমা দিবেন।

(খ) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারীগণ ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্টাম্প নির্ধারিত বাক্যসম্বলিত হলফনামা জমা দিবেন।

(গ) এমএস / এমএসসি, এমফিল ও পিএইচডি পর্যায়ে ২০২০-২০২১ অর্থবছরের নতুন আবেদনকারীগণ ০৩ (তিন) পাতার গবেষণা সিনোপসিস এর ০৩ (তিন) কপি জমা দিবেন। ফেলোশিপ নবায়নের আবেদনকারীগণ ০৪ (চার) পাতার মধ্যে সীমিত গবেষণা কর্মের অগ্রগতি প্রতিবেদন ০৩ (তিন) কপি জমা দিবেন এবং গত বছর NST ফেলোশিপ প্রাপ্তির ID নম্বর উল্লেখ করে প্রমাণক জমা দিবেন।

(ঘ) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারীগণ তাদের ভর্তি কনফার্মেশন পত্র জমা দিবেন। চাকরিজীবীগণ তাদের ছুটি/ডেপুটেশন এর প্রমাণক জমা দিবেন।

বি:দ্র: খাদ্য ও কৃষি বিজ্ঞান গ্রুপের এমএস/এমএসসি পর্যায়ে রেজিস্ট্রেশন নং ০১-৮০০ এবং পিএইচডি পর্যায়ে রেজিস্ট্রেশন নং ০১-২০ এর মৌখিক পরীক্ষার সময়সূচী পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।



বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ গ্রহণকারী ছাত্র-ছাত্রী / গবেষকের অঞ্জীকারনামা

- ১। ফেলোর নাম :-.....
২। গ্রুপের নাম :-.....
৩। শ্রেণী / কোর্সের নাম :-.....
৪। বিশ্ববিদ্যালয়ের নাম :-.....

৫। আমি অঞ্জীকার করছি যে,

- (ক) অন্য কোন সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠাত হতে শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করিনা।
(খ) গবেষণা সমাপ্তির পর ২ মাসের মধ্যে গবেষণা প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করব।
(গ) কোর্স সমাপ্ত হবার পূর্বে যদি কোন কারণে আমি কোর্স পরিত্যাগ করি বা গবেষণা চালাতে অপারগ হই তবে অবিলম্বে মন্ত্রণালয়কে অবহিত করব।
(ঘ) আমি আরও অঞ্জীকার করছি যে, সরকার প্রদত্ত অর্থ সহায়তাকে উদ্দীপক হিসেবে গ্রহণ করে প্রযুক্তি উন্নয়নের লক্ষ্যে আমার মেধা ও শ্রম নিয়োজিত করব।



ফেলোর পূর্ণ নাম, স্বাক্ষর ও তারিখ